

দ্বিপাক্ষিক সহযোগিতা বিষয়ে ভারত-লাও সপ্তম যৌথ কমিশন বৈঠক

পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদ ৮-১০ সেপ্টেম্বর ২০১৩ লাও পিডিআর সফর করেন। ৯ সেপ্টেম্বর ২০১৩ তিনি তাঁর সমকক্ষ লাও পিডিআরের উপপ্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী ডঃ থংগলুন শিসোলিথের সংগে ভিয়েনটাইয়েনে দ্বিপাক্ষিক সহযোগিতা বিষয়ে ভারত-লাও সপ্তম যৌথ কমিশনের বৈঠক করেন। তিনি প্রেসিডেন্ট মিঃ ছৌমালি সায়াসোন এবং প্রধানমন্ত্রী মিঃ থংগসিং থাম্মাভং-এর সংগে সাক্ষাৎ করবেন। পরে ১০ সেপ্টেম্বর ২০১৩ আশিয়ান-ভারত নেটওয়ার্কের চিন্তাবিদদের দ্বিতীয় গোলটেবিল বৈঠকের উদ্বোধন করবেন।

লাও পিডিআরের তিনটি প্রদেশের চারটি সেচ প্রকল্পের জন্য ঋণ প্রকল্পের অধীনে ৩০.৯৪ মিলিয়ন ডলারের ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়া ৩৫.২৫ মিলিয়ন ডলারের নাম বোউন-২ জলবিদ্যুত প্রকল্পের পরিবর্তে থাসালা-লকেসাও বিদ্যুত সরবরাহ ট্রান্সমিশান লাইন নির্মাণের জন্য ঐ অর্থ ব্যবহার করা অনুমোদিত হয়। এই প্রকল্পগুলি লাও পিডিআরের আর্থ-সামাজিক উন্নয়নের বিশেষ অবদান।

জেসিএম বৈঠকে দুই মন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নতিতে সন্তোষ প্রকাশ করেন এবং উভয় দেশের মধ্যে নিবিড় সম্পর্ক বৃদ্ধি ও সহযোগিতার বিষয়গুলি লক্ষ্য করা হয়। এতে সাম্প্রতিক সময়ে উভয় দেশের মধ্যে পারস্পরিক কল্যাণে দ্রুত অগ্রগতি হয়েছে। জল ব্যবস্থা পরিচালনা ও সেচ, বিদ্যুত উৎপাদনে এবং সরবরাহে ও প্রতিষ্ঠান নির্মাণে ভারত সরকারের সহযোগিতা করার জন্য প্রস্তুত বলে জানিয়েছে। আমাদের স্বল্প সুদে ঋণ ও অনুদানের ফলে লাওতে ভারতীয় পণ্য ও ভারতের উপস্থিতি লক্ষ্য করা গিয়েছে, তার স্বীকৃতি মিলেছে।

উভয় দেশের মন্ত্রীরা উভয় দেশের মধ্যে সহযোগিতার অগ্রাধিকারের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করেছেন। তার মধ্যে রয়েছে, কৃষি, প্রতিরক্ষা, আইসিটি, সংস্কৃতি, শিক্ষা স্বাস্থ্য, বাণিজ্য এবং লগ্নি বৃদ্ধি, খনিজ পদার্থ উত্তোলন। এই গুলি রূপায়িত হলে দ্বিপাক্ষিক সম্পর্কে আরো গতি আসবে। জনতার সংগে জনতার সম্পর্ক বৃদ্ধি, প্রশিক্ষণ এ বৃত্তির সুযোগ বৃদ্ধি, বাণিজ্য ও লগ্নিতে বেসরকারি উদ্যোগের সুযোগ বৃদ্ধি, স্বাস্থ্য ও শিক্ষা ক্ষেত্রের নতুন কয়েকটি পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা হয়েছে।

উভয় মন্ত্রী অভিন্ন স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ের ব্যাপক ক্ষেত্র নিয়ে মত
বিনিময় করেছেন। আশিয়ান ও বহুমুখী মঞ্চে সমন্বয় শক্তিশালী করার বিষয়েও উভয়ে
একমত হয়েছেন। আন্তর্জাতিক ভাবে স্বেচ্ছা প্রতিষ্ঠান গড়ে ওঠা নালান্দা বিশ্ববিদ্যালয়ে লাও
আর্থিক সহযোগিতা করেছে। লাও রাষ্ট্রসংঘে ভারতকে সমর্থন করার কথা বলেছে এবং অন্য
বহুমুখী মঞ্চেও ভারতের পাশে থাকবে। পররাষ্ট্রমন্ত্রী লাওসের বিদেশমন্ত্রীকে পরবর্তী যৌথ
কমিশনের বৈঠকের জন্য ভারতে আমন্ত্রণ জানিয়েছেন।

ভিয়েনটাইয়েন

৯ সেপ্টেম্বর ২০১৩